বঙ্গমাতায় ফাইনালে গাংনী মেহেরপুরে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা অনুর্দ্ধ ১৭ জেলা পর্যায়ের খেলার উদ্বোধন

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় অনুর্দ্ধ ১৭ জেলা পর্যায়ের খেলার জম কালো উদ্বোধন করা হয়েছে।
মঙ্গলবার বিকালে মেহেরপুর স্টেডিয়াম মাঠে এ উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক মো: আতাউল গনি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জাতীয় পতাকা উত্তোলন এবং বেলুন উড়িয়ে এই টুর্নামেন্টের উদ্বোধন করেন।

পরে জেলা প্রশাসক উভয় দলের খেলোয়াদের সাথে পরিচিত হন। এ সময় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ ইবাদত হোসেন, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক তৌহিদুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, হাসিবুল আলম, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ মাসুদুল আলম, গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার ওসামান গনি, জেলা ফুটবল এ্যাসোসিয়েশনের সভাপতি কেএম আতাউল হাকিম লাল মিয়া প্রমুখ উপস্থিত ছিলেন।

বঙ্গমাতা ফজিলাতুন্নেছা নেছা মুজিব জাতীয় অনুর্দ্ধ ১৭ জেলা পর্যায়ের খেলা অনুষ্ঠিত হয়। উদ্বোধনী খেলায় গাংনী উপজেলা জয়লাভ করে। খেলায় গাংনী উপজেলা ২-১ গোলে মুজিবনগর উপজেলা দলকে পরাজিত করে।
আগামী ২১ সেপ্টেম্বর বিকেল তিন টার সময় মেহেরপুর সদর উপজেলা বনাম গাংনী উপজেলা ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।

মেহেরপুরের আঞ্চলিক পাসপোর্ট অফিস গ্রাহক হয়রানি ও দুর্নীতি যেন নিত্য চিত্র

মেহেরপুরের আঞ্চলিক পাসপোর্ট অফিসের উপ সহকারি পরিচালক আব্দুর রাজ্জাক ও অফিস সহকারি ফাহাদের বিরুদ্ধে গ্রাহকদের নানা ধরণের হয়রানি ও পাসপোর্ট প্রতি বিভিন্ন অংকের উৎকোচ নেওয়ার অভিযোগ উঠেছে। এনিয়ে স্বরাষ্ট্র মন্ত্রনালয়ে অভিযোগ দিয়েছেন এক ভুক্তভোগী গ্রাহক। একই অভিযোগের অনুলিপি দুদক কার্যালয়েও পাঠানো হয়েছে বলে জানা গেছে।

এদিকে একটি অনলাইনে পাসপোর্ট অফিসের হয়রানি ও অনিয়মের সংবাদ প্রকাশ হওয়ার পর মুখ খুলতে শুরু করেছে গ্রাহকরা। তারা নানা অভিযোগ উপস্থাপন করেছেন।

গ্রাহকদের অভিযোগ, পাসপোর্ট অফিসে টাকা-পয়সা ছাড়া হাতও মুখ কিছুই চলেনা অফিস সহকারি ফাহাদের। স্থানীয় কিছু দালালের সাথে সম্পৃক্ত থেকে সাধারন মানুষের কোন মূল্যই নেই তার কাছে। উপরি টাকা দিয়ে দালালের কাছে পাসপোর্টের কাগজ দিতে হবে না হয় অফিসের কাউকে দিতে হবে। অনেকে লিখেছে কারো এক হাজার টাকা লেগেছে। আবার অনেকে লিখেছেন পাসপোর্ট অফিসের দুর্নীতি যেন মহাউৎসবে পরিণত হয়েছে। এর লাগাম ধরার যেন কেউ নাই।

অফিস প্রধান উপ-সহকারী পরিচালক আব্দুর রাজ্জাক সম্প্রতি মেহেরপুর পাসপোর্ট অফিসের যোগদান করেছেন। যোগদানের পর থেকে অনিয়ম দুর্নীতির মাত্রা বেড়েছে বলে অভিযোগ ভুক্তভুগীদের।

গ্রাহকদের আরো অভিযোগ,অফিস সহকারী ফাহাদুর ও তার নিয়োগকৃত কতিপয় দালালের কব্জায় বন্দি হয়ে পড়েছে মেহেরপুর পার্সপোর্ট অফিস।
গাংনী উপজেলার গাড়াডোব গ্রামের ইসমাইল হোসেন ফেসবুকে লিখেছেন , তিনি পাসপোর্ট করার জন্য মেহেরপুর অফিসে গেলে প্রথমদিন একটি ত্রুটি ধরে সংশোধন করতে বলে ফাহাদ ওরফে রাজু।

সেই ত্রুটি সংশোধন করে আবার পাসপোর্ট অফিসে গেলে নতুন করে আরেকটা ত্রুটি ধরে আবেদন ফেরত দেয়। এভাবে দিনের পর দিন ঘুরিয়ে

তারপর আবেদন জমা নেয়। আবেদন জমা নেওয়ার পর একদিন পরে ফিঙ্গার নেন। অথচ যারা টাকা দিচ্ছে দূর্ভোগ ছাড়াই আবেদন ও ফিঙ্গার দিনেই নেয়া হচ্ছে।

ষোলটাকা ইউনিয়নের যুবলীগ নেতা আনোয়ার পাশা ফেসবুকে কমেন্ট করেছেন ফাহাদ ওরফে রাজুর কথা মত অফিস চলে।
বামুন্দীর ব্যবসায়ী চপল বিশ্বাস লিখেছেন, তিনি ১১শত টাকা ঘুষ দিয়ে পাসপোর্ট করেছেন। গাংনী পোষ্ট ই সেন্টার লিখেছেন পাসপোর্ট অফিসে চলে ভুতের খেলা।

এইচ কবির লিখেছেন, অনিয়ম দুর্নীতি চলছে চলবে, থামানোর লোক নেই। আলমগীর হোসেন লিখেছেন, টাকা না দিলে আবেদনে নানা ভুল ধরে ফেরত দেবে।
সেলিম হোসেন লিখেছেন, দেখার কেউ নেই টাকা ছাড়া ফাইল ধরেনা। গ্রাহকরা এমন মন্তব্য করলেও ব্যবস্থায় নেয়া হয়নী অভিযুক্তদের। এ দিকে সরকারী মোবাইল ফোন থাকলেও সহকারী পরিচালক আব্দুর রাজ্জাক যোগদান করার পর থেকে বন্ধ থাকে।

এ বিষয়ে অফিস সহকারী ফাহাদুর বলেন, আমার বিরুদ্ধে যা অভিযোগের কথা বললেন তা সঠিক নয়। আমি সব সময় চেষ্টা করি সাধারন মানুষকে ভালো সেবা দিতে। কিছু কিছু সাংবাদিক আছে তাদের কথা মত কাজ করে দিতে হয়। তা না করলে অনেক কটু কথা শুনতে হয়। কিছু দিনে আগে এ নিয়ে কয়েকজন সাংবাদিকের সাথে আমার কথা কাটাকাটি হয়। আমার উপর ক্ষোভ প্রকাশের জন্য বিভিন্ন ধরনের ভিত্তিহিন অভিযোগ দিয়েছে। তবে গ্রাহক হয়রানি বিষয়ে একজন অফিস স্টাফ জানান, হেড অফিসের নির্দেশে আবেদনকারীদের প্রথমে রোহীঙ্গা তালিকায় আছে কিনা সেটি সনাক্ত করা হয়। যে কারণে তাদের একটু বিলম্ব হয়। তারপর তাদের ফিঙ্গার নেওয়া হয়। তবে মেহেরপুরে এ পর্যন্ত কোন রোহীঙ্গা সনাক্ত হয়নি বলেও তিনি জানান।
উপ সহকারি পরিচালক আব্দুর রাজ্জাক বলেন, মাস খানেক হলো এ অফিসে যোগদান করেছি। এখনো পর্যন্ত অফিসের সব স্টাফদের ভালো করে চিনতেই পারিনি। এর মধ্যে অনিয়ম ও টাকা লেনদেনর অভিযোগ করা হচ্ছে। যা আমার জন্য খুবই দুঃখজনক ঘটনা। তারপরও যদি আমার স্টাফদের কেউ এর সাথে জড়িত থাকে তবে তার বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে। সরকারি ফোন বন্ধ থাকে আপনার এর জবাবে তিনি বলেন, অফিসের মোবাইলটি হারিয়ে গেছিল। সরকারি সিম উঠাতে বেশ কিছুদিন সময় লেগেছে তাই বন্ধ ছিল। আজ (মঙ্গলবার) থেকে খোলা রয়েছে।

মেহেরপুর জেলা প্রশাসক মো: আতাউল গনি বলেন, হয়রানির ও অনিয়মের বিষয়টি শুনেছি। তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুরে আল্লাহ’র দলের ৮ সদস্য গ্রেপ্তার

মেহেরপুরে নিষিদ্ধ জঙ্গি সংগঠন আল্লাহ’র দলের আট সদস্যকে গ্রেপ্তার করেছে সদর থানা পুলিশ।

বুধবার সকালে তাদের গ্রেপ্তার দেখিয়ে মামলা দায়ের করেছে পুলিশ । এর আগে গোপন বৈঠকের সময় মঙ্গলবার বিকালে সদর উপজেলার রঘুনাথপুর গ্রাম থেকে তাদের আটক করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলেন- রঘুনাথপুর গ্রামের শহিদুজ্জামান (২৮), রাহাবুল ইসলাম (২৮), সুমন ইসলাম (২৫), জিহাদ আলী (৩২), মৌসুমি খাতুন (৩২), বন্যা খাতুন (৩২), আনজিরা খাতুন (৩৬) ও বারাদি গ্রামের শহিদুল ইসলাম (৩৫)। বৈঠক চলাকালীন তাদের কাছে থেকে জিহাদী বই ও লিফলেট উদ্ধার করেছে পুলিশ।

সদর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা জানান, রঘুনাথপুর গ্রামের আনজিরা খাতুনের বাড়িতে গোপন দাওয়াতী বেঠক চলছে এমন গোপন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়। পরে সেখানে থেকে তাদেরকে আটক করে জিজ্ঞাসাবাদ এবং তাদের সার্বিক বিষয়ে খোঁজ খবর নেওয়া হয়। নিষিদ্ধ জঙ্গি সংগঠন আল্লাহ’র দলের সক্রিয় সদস্য হিসেবে তাদের পরিচয় নিশ্চিত হওয়ার পর বুধবার সকালে তাদেরক গ্রেপ্তার দেখানো হয়েছে।

তিনি আরো বলেন, জঙ্গি তৎপরতার অপরাধে তাদের বিরুদ্ধে মামলা

দায়ের করে আদালতে পাঠানোর প্রক্রিয়া চলছে।
মেপ্র/ নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে স্বরস্বতী পূজার প্রতিমা তৈরিতে ব্যস্ত শিল্পীরা

দিলরুবা খাতুন
হিন্দু ধর্মাবলম্বীদের অন্যতম বৃহৎ ধর্মীয় উৎসব স্বরস্বতী পূজার প্রতিমা তৈরিতে ব্যস্ত সময় পার করছেন প্রতিমা শিল্পীরা। যেন দম ফেলার ফুসরত নেই তাদের। কাদামাটি দিয়ে পরম যতেœ প্রতিমার মুকুট, হাতের বাজু, গলার মালা, শাড়ির পাড়, প্রিন্ট ও প্রতিমার চুল তৈরি করছেন কারিগররা। এখন প্রতিমাতে দেওয়া হচ্ছে রং তুলির আঁচড়। পূজা শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে সব ধরণের প্রস্তুতি গ্রহণ করেছে প্রশাসন। জ্ঞান আহরণ ও বিদ্যা-বুদ্ধি অর্জনের জন্য হিন্দু শিক্ষার্থীরা স্বরস্বতী পূজা করে থাকেন। ধর্মীয় ও সাম্প্রদায়িক সম্প্রীতির এক অনন্য উদাহরণ হিসেবে প্রতি বছরের মত এবারও মেহেরপুরে আগামী রবিবার ১০ ফেব্রুয়ারি দিনব্যাপী শুরু হতে যাচ্ছে স্বরস্বতী পূজা। প্রতিমা তৈরীতে ন্যায্য মূল্য না পাওয়ায় বাপ-দাদার এই পেশা কোনমতে ধরে রেখেছেন প্রতিমা তৈরীর শিল্পীরা। নায়েব বাড়ি মন্দিরে কর্মরত প্রতিমা কারিগর রাজবাড়ির উজ্জল শর্মা জানান- তারা দুই ভাই ও বাবা বংশ পরম্পরা এই কাজ করে আসেছেন। এখানে এই মন্দিরে ১২টি পূজার অর্ডার নেয়া আছে। উজ্জল শর্মার বাবা কার্তিক শর্মা বলেন- ছেলেরা এখন আর হাতে কাদা মাখাতে চায় না। এই কাজের যে মুজুরি তা পাওয়া যায় না। অথচ চারুকলা থেকে আসা কারিগরদের ঠিকই চাহিদা মতো মজুরি দেয়া হয়। খোঁজ নিয়ে জানা গেছে- মেহেরপুর জেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ছাড়া, পূজা ম-প ও পারিবারিকভাবেও এবার স্বরস্বতী পূজার আয়োজন করা হয়েছে। এবার অন্তত ৪০টি স্থানে পূজা হবে বলে জানান পূজা উদযাপন কমিটির আহবায়ক ডা. রমেশ চন্দ্র । মেহেরপুরের পুলিশ সুপার মোহাম্মদ মোস্তাফিজুর রহমান (পিপিএম) জানান- দর্শণার্থীর নিরাপত্তা ও

পূজা শান্তিপূর্ণ করতে নিরাপত্তা ব্যবস্থা নেয়া হয়েছে। এছাড়া পুলিশের একটি কন্ট্রোল রুম থাকবে। যাতে তাৎক্ষনিক যে কোনো অপ্রতিকর পরিস্থিতি মোকাবেলা করা যায়।

মুজিবনগরে আসছে জনপ্রিয় কন্ঠশিল্পী নোবেল

নিজস্ব প্রতিনিধিঃ

ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে আগামী ১৭ তারিখে মুজিবনগরে আসছে জি-বাংলা সা.রে.গা.মা.পা অনুষ্ঠানের জনপ্রিয় কন্ঠশিল্পী মাইনুল আহসান নোবেল। মুক্তিযোদ্ধা মন্ত্রনালয় কতৃক আয়োজিত কনসার্টে গান গাইবেন তিনি। ১৭ তারিখ সন্ধায় মুজিবনগর কমপ্লেক্সে এই কনসার্ট অনুষ্ঠিত হবে। মেহেরপুর জেলা প্রশাসন এ তথ্য নিশ্চিত করেছে।

মেহেরপুরে শিক্ষার্থীদের মাঝে আত্মহত্যা প্রবণতার হার বাড়ছে।

মর্তুজা ফারুক রুপক

মেহেরপুরে শিক্ষার্থীদের মাঝে আত্মহত্যা প্রবণতার হার বাড়ছে। গতকয়েক বছরে প্রায় ডজন খানেকেরও বেশি শিক্ষার্থীর জীবন অকালে ঝরে গেছে। আত্মহত্যার চেষ্টা চালিয়ে বেঁচে যাওয়া শিক্ষার্থীর সংখ্যা আরও বেশি। পরীক্ষায় অকৃতকার্য, পারিবারিক কলহ, প্রেম ঘটিত জটিলতা সহ বিভিন্ন কারণে বেছে নিচ্ছে আত্মহত্যার পথ। স্বইচ্ছায় নিজেকে হত্যা করার প্রবণতা ছেলেদের চেয়ে মেয়েদের পাল্লায় ভারি। ৫ম শ্রেণি থেকে শুরু করে কলেজে পড়ুয়া অনেক শিক্ষার্থী ছোট বড় কারণে

হতাশাগ্রস্ত হয়ে এমন ভুল সিদ্ধান্ত নিচ্ছে। শহরের তুলনায় গ্রামের ছেলে-মেয়েদের মাঝে এই প্রবনতা তুলনামূলক বেশি। মেহেরপুর জেলার গাংনী উপজেলার ষোলটাকা গ্রামের ৫ম শ্রেণিতে পড়–য়া নাজমা খাতুন তার মায়ের উপর অভিমান করে বিষ পানে আত্মহত্যা করে। প্রাথমিকে পড়া একটা মেয়ে জীবনের মানে কতটুকুইবা জানে, হইতো সে শুধু জানে বিষ খেলে মানুষ মারা যায়। ক্ষনিকের অভিমান সহ্য করতে না পেরে মরতে হলো তাকে অকালেই। মেহেরপুর পৌরসভার ৪নং ওয়ার্ডবাসী দিন মোহাম্মদের মেয়ে দিপা খাতুন, বলি হলো তার পরিবারের কারণে। সরকরি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৮ম শ্রেণিতে পড়া অবস্থায় পরিবারের চাপে তার বিয়ের আংটি বদল হয়ে যায় এটিই তার জন্য কাল হয়ে দাড়ালো। মেহেরপুর পৌর এলাকার মন্ডল পাড়ার কলেজে পড়–য়া ফাতেমা জান্নাত ঝিলিক প্রেম ঘটিত কারণে সুইসাইড নোট লিখে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করে, রঘুনাথপুরের সুমি খাতুন, গাড়াবাড়িয়া গ্রামের আলী হোসেনের মেয়ে আল্পনা খাতুন, গাংনীর মোহাম্মদপুর গ্রামের তবিরুলের মেয়ে সিনথিয়া খাতুন, মানিকদিয়ার মুন্তাজ আলীর মেয়ে শারমিন খাতুন পারিবারিক বিভিন্ন কারণে তারা আত্মহত্যা করেছে। পরীক্ষায় অকৃতকার্য হয়ে পরিবারের কিংবা সমাজের তোপের মুখে পড়ে ঝরে গেছে অনেক

আমঝুপি থেকে গাভি গরু চুরি

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি উত্তরপাড়ায় লক্ষাধিক টাকা মূল্যের একটি গাভি গরু চুরি হয়েছে।
শনিবার দিাগত রাত দেড়টার দিকে চুরির ঘটনা ঘটে।

আব্দুল্লাহ জানান, রাত ২ টার দিকে ঘুম থেকে উঠে দেখেন গোয়ালঘর থেকে প্রায় ১ লাখ ২০ হাজার টাকা মূল্যের গাভী গরু চুরি হয়ে গেছে। এসময় পাশের বাড়িতে খোঁজ নিয়ে জানতে পারেন আবুল কালামের ছেলে খোকনের গাভী গরুটিও চুরি হয়েছে। পরবর্তিতে অনেক খোঁজাখুজি করে আমঝুপি বাজারে খোকনের গাভীটিকে পাওয়া যায়। তবে আবদুল্লাহর গাভি গরুটি পাওয়া যায়নি।

আমঝুপি বাজারের পাহারাদার জানায়, গভীর রাতে আমঝুপি ফার্ম এলাকার

দিক থেকে একটি গাভী আসতে দেখে আমি গাভীটিকে বেধে রেখেছিলাম। এদিকে চুরির ঘটনায় মেহেরপুর সদর থানায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

মেহেরপুরের দিঘিরপাড়ায় বস্তি উন্নয়ন কার্যক্রমের উদ্বোধন

মেহেরপুরে তৃতীয় নগর পরিচালনা ও অবকাঠামো উন্নতিকরন (সেক্টর) প্রকল্পের আওতায় মেহেরপুর দীঘিরপাড়ায় বস্তি উন্নয়ন কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। বুধবার সকালে পৌরসভার দীঘিরপাড়াই এ প্রকল্পের উদ্বোধন করা হয়। উদ্বোধন অনুষ্ঠানে কাউন্সিলর নুরুল আশরাফ রাজিবের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর আল মামুন, জাফর ইকবাল, মীর জাহাঙ্গীর, সচিব তৌফিকুর রহমান প্রমুখ।এ প্রকল্পের আওতায় ৮০ লক্ষ ৩০ হাজার ৮ শ ৬১ টাকা ব্যায়ে দীঘিরপাড়ায় ২২টি একক পাইখানা, ৪০০ মিটার ফুটপাত, ১৫০ মিটার আরসিসি ড্রেন, ২টি ডাষ্টবিন, ২টি সোলার লাইট, ৬টি হস্তচালিত নলকুপ এবং ১০০টি গাছের চারারোপন করা হবে।